

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৩৬

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ আমরা যেভাবে পূর্বে ব্যাখ্যা করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে স্পষ্ট হাদীস

ذكر الخبر المصرح بصحة ما ذكرناه مِنَ اللَّفْظَةِ الْمُتَقَدِّمَةِ

আরবী

1436 _ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّثَنَا الْقَعْنَبِيُّ عَنْ مَالِك عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا تَوَضَّاً أَحَدُكُمْ فَلْيَجْعَلِ الْمَاءَ فِي أَنْفِهِ ثُمَّ لَيَنْثِرْ وَمَن اسْتَجْمَرَ فَلْيُوتِنْ)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1436 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৪৩৬. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন তোমাদের কেউ ওয়ু করবে, তখন সে যেন তার নাকে পানি প্রবেশ করায় তারপর নাক ঝাড়ে, আর যে ব্যক্তি ঢিলা-কুলুখ করবে, সে যেন বেজোড় সংখ্যায় ঢিলা-কুলুখ নেয়।[1]

ফটনোট

[1] আবূ দাঊদ: ১৪০; মুয়াত্তা ইমাম মালেক: ১/১৯; মুসনাদ আহমাদ: ২/২৭৮; সহীহ আল বুখারী: ১৬২; নাসাঈ: ১/৬৫-৬৬; তাহাবী: ১/১২০; বাগাবী: ২১০; হুমাইদী: ৯৫৭; সহীহ মুসলিম: ২৩৭; নাসাঈ: ১/৬৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন